ঘ) "এবং মাত্র দশ বছর পর যখন তাঁর মৃত্যু ঘটে তখন 'শেষ লেখা'তেও সেই দীক্ষা গ্রহণের পালাই চলছিল।"
—প্রাবন্ধিক কোন 'দীক্ষা গ্রহণের' কথা বলেছেন? তাঁর মতে কাব্য স্থাপত্যের অত্যন্ত প্রয়োজনে 'কবি-স্থপতির' আরো কত বছর বেঁচে থাকার দরকার ছিল? প্রাবন্ধিকের এই সিদ্ধান্তের মূলে যে ভাবনা কাজ করেছে তা সংক্ষেপে ব্যক্ত করো।

———





# ২০২২
# বাংলা
## (অনার্স)
## ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## পঞ্চম সেমেস্টার
## কোর্স কোড : BNGH-DSE-T-1
## (সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ভারতীয় কাব্যতত্ত্বের আদিগুরু কে? তাঁর লেখা বিখ্যাত গ্রন্থটির নাম লেখো।

খ) অলঙ্কার শাস্ত্রে 'বক্রোক্তি' কয় প্রকার ও কী কী?

গ) 'অনুকরণবাদ'-কে কে প্রথম কোন্ গ্রন্থে স্পষ্ট করে তুলেছিলেন?

ঘ) ক্লাসিক সাহিত্যের জন্ম কোথায় হয়? ইংরেজি সাহিত্যের দু'জন ক্লাসিক কবির নাম লেখো।

ঙ) আচার্য বামনের মতে রীতি কয় প্রকার ও কী কী?

চ) কাব্যসত্য বা সাহিত্যের সত্য সম্পর্কে রবীন্দ্রনাথের মন্তব্য কী ছিল?

ছ) পাশ্চাত্য সাহিত্যে 'ন্যাচারালিজম' প্রসঙ্গের উল্লেখ করেন কে? বাংলায় এর প্রতিশব্দ কী?

জ) বাংলা সাহিত্যে 'সুররিয়ালিজম'-এর প্রভাব কোন্ কবির মধ্যে সবচেয়ে বেশি দেখা যায়? 'সুররিয়ালিজম' শব্দের বাংলা প্রতিশব্দ কী?

ঝ) আনন্দবর্ধন কত রকমের রীতির কথা বলেছেন? সেগুলি কী কী?

ঞ) কোন্ কোন্ 'কবিওয়ালা'-র রচনা গীতিকবিতা হিসাবে অতি সুন্দর বলে বঙ্কিমচন্দ্র মনে করেন?

ট) আবু সয়ীদ আইয়ুবের মতানুযায়ী, রৌদ্রী রাগিণীর দীক্ষা কীভাবে রবীন্দ্রকাব্যে শেষ পর্যায়ে স্পষ্ট হয়ে উঠেছে?

ঠ) 'সে ঝড়ের মেঘের বিদ্যুৎ' - সে কে? তার প্রকৃতি কেমন?

ড) 'এরাও তেমনি হৃদয় নিয়ে ছিনিমিনি খেলে' — এরাও বলতে কাদের কথা বলা হয়েছে?

ঢ) "আমি এই বাণীর পন্থাতেই আমার গদ্য ও পদ্য রচনাকে চালনা করতে পেরেছি।" — উদ্ধৃত বাক্যের উৎস নির্দেশ করো। 'বাণীর পন্থা' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন?



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) রোমান্টিসিজমের বৈশিষ্ট্য বা লক্ষণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

খ) 'রীতিবাদে'র জনক কে? 'রীতিবাদ' সম্পর্কে তাঁর বক্তব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) '... এক বৈষ্ণব কবিগণই ইহার সমুদ্রবিশেষ।'—সপ্রসঙ্গ তাৎপর্য ব্যাখ্যা করো।

ঘ) 'ঔচিত্যবাদ'-এর স্বরূপ স্পষ্ট করো।

ঙ) 'একদিন তার জন্যে প্রাণ দিয়ে দেবে এই ছিল তার সাধ' — উৎস নির্দেশপূর্বক আলোচ্য অংশের তাৎপর্য বুঝিয়ে দাও।

চ) 'অথবা বলা উচিত সৌধরচনাই অসমাপ্ত রয়ে গেল কবির মৃত্যুকালে'—সপ্রসঙ্গ বিষয়টি বিস্তারিত করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'বক্রোক্তিবাদ'-এর স্বরূপ এবং 'বক্রোক্তি' সম্পর্কে আলংকারিকদের ভাবনার পরিচয় দাও।

খ) দর্শনের 'Realism' এবং সাহিত্যের 'Realism' কি এক? 'বাস্তবতা' কখন সাহিত্য পদবাচ্য হয়ে ওঠে — বিষয়টি বিস্তারিত করো।

গ) "দুঃখের আনন্দে যে গান গেয়ে বেড়ায়, কেউ জানে না কোথায় তার সত্যিকারের ব্যথা" — কে গান গেয়ে বেড়ায়? 'রক্তকরবীর তিনজন' প্রবন্ধে প্রাবন্ধিক 'সত্যিকারের ব্যথা' কে কেমনভাবে উদ্‌ঘাটন করেছেন তা বুঝিয়ে দাও।